



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য মন্ত্রণালয়  
(অভ্যন্তরীণ সংগ্রহ অধিশাখা)  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.mofood.gov.bd

| মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।      |                            |
|--|----------------------------|
| অতিরিক্ত মহাপরিচালক                    | উপস্থাপন করণ               |
| পরিচালক, প্রশাসন                       | প্রয়োজনীয় ব্যবস্থা নিয়  |
| পরিচালক, সর্ববি                        | মন্ত্রব্যবস্থ উপস্থাপন করণ |
| পরিচালক, চসসা                          | ..... দিনের মধ্যে পেশ করণ  |
| পরিচালক, পউকা                          | .....                      |
| পরিচালক, সংগ্রহ                        | .....                      |
| পরিচালক, হিসাব ও অর্থ                  | .....                      |
| পরিচালক, প্রশিক্ষণ                     | .....                      |
| অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম         | .....                      |
| অতিরিক্ত পরিচালক, বাহিনী               | .....                      |
| অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা। | .....                      |
| ডায়েরী নং.....                        | .....                      |
| তারিখ.....                             | .....                      |

নং-১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০২.২০১৮-২৬

বিষয়ঃ চলতি বোরো সংগ্রহ-২০১৯ মৌসুমে অভ্যন্তরীণভাবে সংগ্রহের লক্ষ্যে অতিরিক্ত ২,৫০,০০০ (দুই লাখ পঞ্চাশ হাজার) মেট্রিক টন ধানের লক্ষ্যমাত্রা অনুমোদন।

সূত্রঃ খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগের পত্র সংখ্যা-১৩.০১.০০০০.০৯১.৪৫.০৭৪.১৯-১২১০ তারিখঃ ১৩.০৬.২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে নিদর্শিত হয়ে জানানো যাচ্ছে যে, চলতি বোরো সংগ্রহ-২০১৯ মৌসুমে অভ্যন্তরীণভাবে সংগ্রহের লক্ষ্যে অতিরিক্ত আরও ২,৫০,০০০ (দুই লাখ পঞ্চাশ হাজার) মেট্রিক টন ধান সংগ্রহের লক্ষ্যে খাদ্য অধিদপ্তর কর্তৃক প্রেরিত বিভাজন প্রস্তাব নিয়ন্ত্রণ শর্তে অনুমোদিত হয়েছেঃ

- অভ্যন্তরীণ বোরো সংগ্রহ-২০১৯ এর আওতায় লক্ষ্যমাত্রা ১,৫০,০০০ (এক লাখ পঞ্চাশ হাজার) মেট্রিক টনের অতিরিক্ত আরও বরাদ্দকৃত ২,৫০,০০০ (দুই লাখ পঞ্চাশ হাজার) মেট্রিক টন ধানের বিভাজন;
- ২০১৯ সালের সংগ্রহ মৌসুমে ১,৫০,০০০ (এক লাখ পঞ্চাশ হাজার) মেট্রিক টন ধানের অতিরিক্ত ২,৫০,০০০ (দুই লাখ পঞ্চাশ হাজার) মেট্রিক টন ধান নির্ধারিত সময়সীমার মধ্যে সংগ্রহ করতে হবে এবং সংগ্রহ নীতিমালা-২০১৭ এর পরিশিষ্ট-‘ক’ বিনির্দেশ অনুযায়ী ধান সংগ্রহ করতে হবে;
- প্রতিকেজি ধানের সংগ্রহ মূল্য ২৬/- (ছাফিশ) টাকা এবং উৎপাদক কৃষকদের ধানের মূল্য ডব্লিউকিউএসসি দ্বারা সরাসরি সংশ্লিষ্ট কৃষকের ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করা;
- অধিক সংখ্যক কৃষকে সুযোগ প্রদানের লক্ষ্যে উপজেলা কমিটি একজন কৃষকের নিকট থেকে সর্বনিম্ন ৩ (তিন) বস্তা পরিমাণ অর্থাৎ ১২০ (একশত বিশ) কেজি ধান এবং সর্বোচ্চ ৩ (তিন) মেট্রিক টন পর্যন্ত ধান সংগ্রহ পরিমাণ নির্ধারণ করতে পারবে। নির্ধারিত পরিমাণ ধান একজন কৃষক কিস্তিতে ও বিক্রি করতে পারবেন। তবে কোনো কিস্তি ৩ (তিন) বস্তার কম হবে না;
- অভ্যন্তরীণ বোরো সংগ্রহের আওতায় পূর্বের তালিকাভুক্ত কৃষকদের বাদ দিয়ে নতুন তালিকাভুক্ত কৃষকদের নিকট ধান ক্রয় করা হবে এবং তালিকা বহির্ভূত কোন কৃষকের নিকট থেকে ধান ক্রয় করা যাবে না।
- সংগ্রহকালীন সময়ে জেলা-ওয়ারি অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ তথ্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ প্রতিদিনের তথ্য খাদ্য মন্ত্রণালয়ের ই-মেইলঃ [dscordination@mofood.gov.bd](mailto:dscordination@mofood.gov.bd) এ সফটকপি ও হার্ডকপি প্রেরণ করবেন;

২। অভ্যন্তরীণভাবে ধান সংগ্রহ-২০১৯ অভিযানে উল্লিখিত শর্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ধান সংগ্রহের লক্ষ্যমাত্রার বিভাজন ১৯ (উনিশ) পাতা।

(স্বাক্ষর) ১৬.০৬.২০১৯  
ড. অনিমা রাণী নাথ  
যুগ্ম-সচিব (অভ্যঃ সংগ্রহঃ)  
ফোনঃ ৯৫১৪২৬৭

✓ মহাপরিচালক  
খাদ্য অধিদপ্তর  
১৬, আঃ গণি রোড, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর, সংগ্রহ বিভাগ  
১৬, আবদুল গণি রোড, ঢাকা  
www.dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৫৪.১৮-৩২৫৯(২৭)

তারিখঃ ১৬/০৬/২০১৯ খ্রি:।

- সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- পরিচালক, প্রশাসন/হিসাব ও অর্থ/সংগ্রহ/সর্ববি/চসসা/পউকা/প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। অবগতির জন্য।
- অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ।
- প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা।
- আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/বরিশাল/রংপুর/খুলনা/সিলেট। মন্ত্রণালয়ের পত্রের মর্মানুযায়ী বিষয়টি সকল জেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।
- ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি/বিভিবিএল/রূপালী ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বা/এ, ঢাকা ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।
- সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

(স্বাক্ষর) ১৬/০৬/১৯  
(জুলফিকার রহমান)  
পরিচালক, সংগ্রহ বিভাগ  
খাদ্য অধিদপ্তর, ঢাকা।  
১৬/০৬/১৯